বাড্ডায় নারীকে পিটিয়ে হত্যা: তিনজন ৪ দিনের রিমান্ডে

রাজধানীর উত্তর বাড্ডায় ছেলেধরা সন্দেহে গণপিটুনিতে তাসলিমা বেগম রেনু হত্যায় তিনজনের চার দিন করে রিমান্ড মঞ্জুর করেছে আদালত।

আজ সোমবার আসামিদের আদালতে হাজির করে মামলার সুষ্ঠু তদন্ত ও পলাতক আসামিদের গ্রেফতারের লক্ষে তাদের ১০ দিনের রিমান্ড আবেদন করেন মামলার তদন্তকারী কর্মকর্তা। অন্যদিকে রিমান্ড বাতিলের আবেদন করেন আসামিদের আইনজীবীরা। শুনানি শেষে ঢাকা মহানগর হাকিম ধীমান চন্দ্র মণ্ডল চারদিনের রিমান্ড মঞ্জুর করেন।

আসামিরা হলেন- বাচ্চু, বাপ্পী ও শাহীন। জাফর নামের আরেক আসামি আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছেন বলে জানা গেছে।

রবিবার রাত সাড়ে ৯টার দিকে জাফর, বাপ্পী ও শাহীনকে গ্রেফতার করা হয়। পরে বাচ্চুও গ্রেফতার হন।

বাড্ডা থানার ইন্সপেক্টর (তদন্ত) আব্দুর রাজ্জাক বিষয়টি নিশ্চিত করেন।